

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মারুপ হোসেন, পিতা- দাউদুর রহমান, মাতা- নুরজাহান বেগম, সাং- ডুমদিয়া, ডাকঘরঃ ভেড়ারহাট, থানা- গোপালগঞ্জ, জেলা- গোপালগঞ্জ। ব্যবসায়িক ঠিকানা- “ মেসার্স ফাতেমা ট্রেডার্স ” গোপালগঞ্জ শাখা কর্তৃক ইউসিবি গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১১/০৫/২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১০,২০৯,২৫৮.৭৭ (এক কোটি দুই লক্ষ নয় হাজার দুইশত আটান্ন টাকা সাতাত্তর পয়সা) মাত্র সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী জমির তফসিল পরিচয়

“ক তফসিল ”

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-পাইটকেলবাড়ীয়া, জে.এল নং-আর.এস, এস.এ ও বিআরএস: ৩১, খতিয়ান নং-আর.এস-৮১, এস.এ-৮৪, বিআরএস-১৩৬, ১৩৭, প্রস্তাবিত -১৮৫৮, প্লট নং-আর.এস এবং এস.এ : ৯৪৪, বিআরএস-২২৯৯,২৩০২, ২৩০৬, ২২৯৭,২৩০০, ২৩০৩, ২৩০৫, ২৩০৭, ২৩০৯, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=১৭৭.০০ শতাংশ। চৌহর্দিঃ উত্তরে- ১২ ফুট রাস্তা, দক্ষিণে- হামিম কাজী, পূর্বে- মোঃ ইসরাইল, পশ্চিমে- সিরাজ মোল্লা

“খ তফসিল ”

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-পাইটকেলবাড়ীয়া, জে.এল নং-আর.এস, এস.এ ও বিআরএস: ৩১, খতিয়ান নং-আর.এস : ২০৯, এস.এ- ২৯০,২৯২,২৮৪,২৮৯, বি.আর এস ১৫৩৯,৭২২,৭২৩,১৬০৬, প্রস্তাবিত ১৯৭৫, প্লট নং-আর.এস ও এস.এ- ১০৬৫, ১০৬৬, ১০৬৪, বি.আর এস- ৩১২৬, ৩১২৫, ৩১২৭, ৩১২৩, ৩১২৪, ৩১২৯, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=৫৩.৫০ শতাংশ। চৌহর্দিঃ উত্তরে- চান মিয়া, দক্ষিণে- হোসেন আরা ও শাহাজান খান, পূর্বে- হিসবুল গাজী, পশ্চিমে- জামাত খান গং এর জমি।

নিলামের শর্তাবলী :-

- আগামী ১৬.০৬.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, গোপালগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

শাখা ব্যবস্থাপক,
গোপালগঞ্জ শাখা,
গোপালগঞ্জ।